# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু’আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

উপকারীর কৃতজ্ঞতা প্রকাশক দু’আ

যিকর নং ১৮৪ : উপকারীর কৃতজ্ঞতা প্রকাশক দু’আ

جزاك الله خيرا

উচ্চারণ: জাযা-কাল্লা-হু খাইরান।
অর্থ: আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দিন।

আমরা পূর্ববর্তী অধ্যায়ে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা ও মানুষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেছি। আমরা দেখেছি যে, মুমিন কাউকে উপকরার করলে কখনোই তার থেকে কৃতজ্ঞতা বা প্রতিদানের আশা করে না। পক্ষান্তরে উপকৃত মুমিনের দায়িত্ব, উপকারীর কৃতজ্ঞতা প্রকাশ করা, তার প্রশংসা করা, তার উপকারের কথা অকপটে স্বীকার করা এবং তার জন্য দু’আ করা। রাসূলুল্লাহ (সা.) বলেছেন, কেউ কারো উপকার করলে সে যদি উপকারীকে এই কথা বলে কৃতজ্ঞতা জানায় তাহলে তা সর্বোত্তম প্রশংসা করা হবে। হাদীসটি হাসান।[1]

ফুটনোট

[1] সুনানুত তিরমিযী ৪/৩৮০, নং ২০৩৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8851

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন